

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 29-08-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রীর নির্দেশিত পথে রাজ্যে উন্নয়নের কাজ অব্যাহত রয়েছে।
- (২) পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ জানিয়েছেন, কল্যাণপুর, সিধাই মোহনপুর, মনুবাজার, যতনবাড়ি এবং বিশালগড়ে নতুন মোটরস্ট্যান্ড তৈরি করা হবে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, জাপানি প্রযুক্তি এবং ভারতীয় প্রতিভার সমন্বয় এই শতাব্দীর প্রযুক্তি বিপ্লবে নেতৃত্ব দিতে পারে।
- (৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে কেন্দ্রীয় সরকার দেশের ফৌজদারি বিচার ব্যবস্থায় ফরেনসিক প্রমাণ ভিত্তিক পদ্ধতিকে অগ্রাধিকার দিচ্ছে।
- (৫) নানা কর্মসূচীর মধ্য দিয়ে জাতীয় ক্রীড়া দিবস উদযাপন করা হচ্ছে।

CM-Housing :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রীর নির্দেশিত পথে রাজ্যে উন্নয়নের কাজ অব্যাহত রয়েছে। ২০১৮ সাল থেকে এই সরকার আসার পর আগস্ট মাস পর্যন্ত সারা রাজ্যে ৮০০ কোটি টাকার বিভিন্ন প্রকল্প উদ্বোধন করা হয়েছে। ত্রিপুরা আরবান এন্ড প্ল্যানিং ডেভেলপমেন্ট অথরিটির উদ্যোগে আজ আগরতলার কামানচৌমুহনীতে জি প্লাস ফোর বিবেকানন্দ টাউনশিপ আবাসনের উদ্বোধন এবং আবাসিকদের হাতে চাবি প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী একথা বলেন।

#####Byte-CM#####

উপস্থিত ছিলেন মেয়র দীপক মজুমদার, কর্পোরেটর রঞ্জা দত্ত প্রমুখ।

ADC :

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের একদিনের অধিবেশন আজ খুমলুং-এ অনুষ্ঠিত হয়। অধিবেশনে স্বাস্থ্য দপ্তরের নির্বাহী সদস্য কমল কলই জানান, মেঘালয়ের রাজধানী শিলং শহরে এডিসি ভবন নির্মাণের জন্য এডিসি প্রশাসনের পরিকল্পনা রয়েছে। নির্ধারিত কর্মসূচির পর চেয়ারম্যান জগদীশ দেববর্মা অধিবেশন অনির্দিষ্ট কালের জন্য মূলতবী ঘোষণা করেন।

TRBT Recruitment :

টিচার্স রিফ্রুটমেন্ট বোর্ড ৭০০ জন গ্র্যাজুয়েট শিক্ষক নিয়োগের জন্য আজ বিজ্ঞপ্তি জারি করেছে। বোর্ডের সদস্য সচিব হর্ষিতা বিশ্বাস জানিয়েছেন আগামী ২৪শে সেপ্টেম্বর থেকে ২২শে অক্টোবর পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। পরীক্ষা গ্রহণ করা হবে আগামী ৭ই ডিসেম্বর।

Governor-Chatrishgar :

আজ রাজ্যে এলেন ছত্রিশগড়ের রাজ্যপাল রমেশ ডেকা। তাকে আগরতলায় এম বি বি বিমান বন্দরে স্বাগত জানান প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। রাজ্যপাল শ্রী ডেকা উদয়পুরে মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরে পূজা দেন।

Transport Minister :

পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, কল্যাণপুর, সিধাই মোহনপুর, মনুবাজার, যতনবাড়ি এবং বিশালগড়ে নতুন মোটরস্ট্যান্ড তৈরি করা হবে। এরজন্য বিস্তারিত প্রজেক্ট রিপোর্ট তৈরি করা হয়েছে। আজ সচিবালয়ে

এক বৈঠকে আট জেলায় পরিবহন দপ্তরের বিভিন্ন প্রকল্প নিয়ে আলোচনাকালে শ্রী চৌধুরী একথা জানান। বৈঠকে পরিবহন দপ্তর, পূর্ত দপ্তর, ত্রিপুরা হাউজিং বোর্ডের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

Sukla charan Noatia :

সমবায় মন্ত্রী শুক্লা চরণ নোয়াতিয়া আজ করবুক মহকুমায় সমবায় সহ-নিয়ামক অফিসের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, এডিসির কার্যনির্বাহী সদস্যা ডলি রিয়াং।

CM-Parasundari Temple :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার পূর্ব থানা রোডে রাজন্য আমলে তৈরি, পুনর্নির্মিত পাড়া সুন্দরী কালী মন্দিরের উদ্বোধন করেন ও পূজো দেন। মুখ্যমন্ত্রী বলেন, এলাকাবাসীর দাবি মেনে মন্দিরটির স্থাপত্য কীর্তি অক্ষুণ্ণ রেখে পুর নিগম ১৭ লক্ষ টাকা ব্যয়ে পুনরায় নির্মাণ করেছে। মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন, আগরতলার পুর মেয়র দীপক মজুমদার, কর্পোরেটর রত্না দত্ত প্রমুখ।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM-Japan :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, জাপানি প্রযুক্তি এবং ভারতীয় প্রতিভার সমন্বয় এই শতাব্দীর প্রযুক্তি বিপ্লবের নেতৃত্ব দিতে পারে। টোকিওতে ভারত জাপান অর্থনৈতিক ফোরামে ভাষণ দিতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন, ভারত কৃত্রিম বুদ্ধিমত্তা, সেমিকন্ডাক্টর, কোয়ান্টাম কম্পিউটিং, জৈবপ্রযুক্তি এবং মহাকাশে সাহসী ও উদ্ভাবনশীল উদ্যোগ নিয়েছে। প্রতিরক্ষা এবং মহাকাশ ক্ষেত্রের পর ভারত পারমাণবিক শক্তির জগৎকে বেসরকারি ক্ষেত্রের জন্য উন্মুক্ত করছে। জাপান সর্বদা ভারতের উন্নয়ন যাত্রায় গুরুত্বপূর্ণ অংশীদার বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, মহানগর থেকে উৎপাদন, সেমিকন্ডাক্টর থেকে স্টার্টআপ, প্রতিটি ক্ষেত্রে এই অংশীদারিত্ব পারস্পরিক আস্থার প্রতীক। সুজুকি এবং ডেকানের সাফল্যের বিষয়গুলি অন্যদের ক্ষেত্রেও সম্ভব হতে পারে। তিনি "মেক ইন ইন্ডিয়া, মেক ফর দ্য ওয়ার্ল্ড"-এ সবাইকে সামিল হওয়ার আহ্বান জানিয়েছেন।

BYTE-PM

অনুষ্ঠানে জাপানের প্রধানমন্ত্রী শিগেরু ইশিবাও ভাষণ দেন। তিনি তার ভাষণে ভারত ও জাপানের দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক তুলে ধরেন।

Barshamangal-Sonamura :

সোনামুড়ার বীর মেমোরিয়াল পার্কে আজ সিপাহীজলা জেলাভিত্তিক বর্ষামঙ্গল উৎসব অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সোনামুড়া নগর পঞ্চায়েতের

চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, জিলা পরিষদ সদস্যা মীনাক্ষী দাস, সমাজসেবী উত্তম দাস প্রমুখ।

Amit Shah :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ গুয়াহাটিতে রাজভবনের নবনির্মিত ব্রহ্মপুত্র শাখার উদ্বোধন করেন। এরপর ভার্চুয়ালভাবে সশস্ত্র বাহিনীর জন্য বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাস এবং গোলাঘাটে জাতীয় সাইবার ফরেনসিক পরীক্ষাগারের উদ্বোধন করেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, কেন্দ্রীয় সরকার দেশের ফৌজদারি বিচার ব্যবস্থায় ফরেনসিক প্রমাণ ভিত্তিক পদ্ধতিকে অগ্রাধিকার দিচ্ছে। সাইবার নিরাপত্তা ও ফরেনসিক বিজ্ঞান নাগরিকদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এটি নাগরিকদের পাশাপাশি সমগ্র দেশের কষ্টার্জিত আয়কে রক্ষা করবে। নতুন জাতীয় সাইবার ফরেনসিক ল্যাবরেটরি উত্তর-পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যের জন্য কাজ করবে বলে জানান কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার নাগরিকদের ন্যায়বিচার প্রদান এবং ফৌজদারি বিচার ব্যবস্থাকে জনকেন্দ্রিক ও বিজ্ঞানভিত্তিক করার জন্য ব্রিটিশ আমলের ভারতীয় দণ্ডবিধির অবসান ঘটিয়ে তিনটি নতুন আইন এনেছে।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান

সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

Sports Day-West :

২৯ আগস্ট হকির যাদুকর মেজর ধ্যান চাঁদের জন্মদিন। গোটা দেশের সাথে রাজ্যেও এই দিনটি জাতীয় ক্রীড়া দিবস হিসেবে নানা কর্মসূচীর মধ্য দিয়ে উদযাপন করা হচ্ছে। ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ আগরতলার টাউন হলে জাতীয় ক্রীড়া দিবসের তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক কর্মসূচীর উদ্বোধন করেন। অনুষ্ঠানে ১৯ জন প্রতিভাবান ও জাতীয়স্তরে বিভিন্ন আসরে সফল খেলোয়াড়কে সংবর্ধনা দেওয়া হয়। বক্তব্য রাখতে গিয়ে ক্রীড়ামন্ত্রী রাজ্যের ক্রীড়া পরিকাঠামো ও খেলোয়াড়দের সাফল্যের খতিয়ান তুলে ধরেন। বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার। উল্লেখ্য একই সঙ্গে রাজ্যের আটটি জেলা ও বিভিন্ন মহকুমাতেও আজ জাতীয় ক্রীড়া দিবস পালন করা হচ্ছে।

এদিকে ভবনস্ ত্রিপুরা বিদ্যামন্দিরে প্রতি বছরের মত এবারও জাতীয় ক্রীড়া দিবস পালন করা হয়। এই উপলক্ষ্যে হয় ফুটবল প্রতিযোগিতা। এতে উপস্থিত ছিলেন স্পোর্টস জার্নালিস্টস ফেডারেশন অব ইন্ডিয়া'র সভাপতি সরযু চক্রবর্তী, ভারতীয় বিদ্যাভবনের ত্রিপুরার চেয়ারম্যান দেবাশীষ চক্রবর্তী, প্রিন্সিপাল স্বপ্না সোম, রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্ত এন এস এস স্বেচ্ছাসেবী মামনি দাস প্রমুখ।

এদিকে, পশ্চিম জেলা প্রশাসনের উদ্যোগে এবং কেন্দ্রীয় বিদ্যালয়ের সহযোগিতায় আয়োজিত আজ জাতীয় ক্রীড়া দিবসের উদ্বোধন করেন সাংসদ বিপ্লব কুমার দেব। ও.এন.জি.সি'র কেন্দ্রীয় বিদ্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানে ৫ জন ক্রীড়া ব্যক্তিত্বকে সংবর্ধনা দেওয়া হয়। তারা হলেন পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার, দ্রোণাচার্য কোচ বিশ্বেশ্বর নন্দী, আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস, আরমান দাস ও রেহান আলম।

National Sports Day-Kailashahar :

কৈলাশহরের শৈবতীর্থ উনকোটিতে আজ উদযাপিত হয় "জাতীয় ক্রীড়া দিবস - ২০২৫"। উদ্বোধন করেন, উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ। তিনি বলেন, শারীরিক ও মানসিক স্বাস্থ্যের জন্য খেলাধুলার অবদান অনস্বীকার্য। এই উপলক্ষ্যে প্রলভূমি উনকোটি পাহাড়ে সমবেত যোগা প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

National Sports Day-South :

দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত আজ বিলোনিয়া টাউন হলে দক্ষিণ জেলাভিত্তিক জাতীয় ক্রীড়া দিবস উদ্বোধন করেন। অনুষ্ঠানে জেলার ৬ জন ক্রীড়া প্রতিভাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

National Sports Day-Kanchanpur :

কাঞ্চনপুরেও আজ জাতীয় ক্রীড়া দিবস উদযাপন করা হয়। কাঞ্চনপুর শহরে ছাত্র ছাত্রীদের বর্ণাঢ্য র্যালি শেষে স্পোর্টস হলে অনুষ্ঠিত হয় মূল অনুষ্ঠান। উপস্থিত ছিলেন মহকুমা ক্রীড়া আধিকারিক অভিজিৎ চৌধুরী, দশদা ব্লক বিএসি চেয়ারম্যান উদরমার রিয়াং প্রমুখ।

Weather :

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস।
